

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২৮/২০১৬

অভিযোগকারী : জনাব এ এস এম আলমগীর
পিতাঃ এ কে এম শাহজাহান
সাংবাদিক (প্রতিনিধি, প্রথমআলো)
গ্রাম- পুরাতুন বাজার
উপজেলা- বিরামপুর
জেলা- দিনাজপুর।

প্রতিপক্ষ : জনাব মোঃ আব্দুল কুদ্দুস
উপজেলা প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
উপজেলা-নবাবগঞ্জ
জেলা-দিনাজপুর।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ২৪-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী ২৬-০৭-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ আব্দুল কুদ্দুস, উপজেলা প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উপজেলা-নবাবগঞ্জ, জেলা-দিনাজপুর বরাবরে বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

দিনাজপুরের নবাবগঞ্জ উপজেলায় ২০১৩-২০১৪ এবং ২০১৪-১৫ অর্থ বছরে এলজিইডি কার্যালয়ের মাধ্যমে অংশগ্রহণমূলক ক্ষুদ্রাকার পানিসম্পদ সেক্টর উন্নয়ন প্রকল্পের আওতায় খাল খনন, রেগুলেটর ও স্লুইস গেট নির্মাণ, পুনঃনির্মাণ ও সংস্কার করা হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিবি) আওতায় উপজেলা পর্যায়ে যে সকল প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে সে গুলোর পূর্ণ বিবরণ, কার্য সম্পাদনের নীতিমালা। যে সকল কাজ টেন্ডারের মাধ্যমে হয়েছে কাজের পূর্ণ বিবরণ, ব্যয়ের পরিমাণ, কোন পত্রিকায় টেন্ডার বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে সে পত্রিকার নাম ও তারিখ, যে ঠিকাদারের মাধ্যমে কাজ সম্পন্ন হয়েছে সে ঠিকাদারের নাম, ঠিকানা ও মুঠোফোন নম্বর, কার্যাদেশের তারিখ ও কাজ হ্যান্ড ওভারের তারিখসহ সকল কাজের সকল কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত কাগজের ফটোকপি।

- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ৩০-০৯-২০১৫ তারিখে জনাব মোঃ খলিলুর রহমান, নির্বাহী প্রকৌশলী ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), এলজিইডি, দিনাজপুর বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৬-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৪-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী চাহিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে পান নি বলে কমিশনের কাছে বিচার প্রার্থনা করেন। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তথ্য প্রদান করার উদ্দেশ্যে সকল তথ্য প্রস্তুত করেছেন। তবে চাহিত তথ্যের মধ্যে মুঠোফোন নম্বর ব্যক্তিগত তথ্য বিধায় তা দেওয়া উচিত নয় বলে কমিশনকে জানিয়ে এ বিষয়ে নির্দেশনা প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে যথাসময়ে তথ্য সরবরাহ করেন নি বিধায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে সতর্ক করা হয় এবং অভিযোগকারীর প্রার্থীত তথ্য ০৭ দিনের মধ্যে সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়। তবে ঠিকাদারদের মুঠোফোন নম্বর তাদের ব্যক্তিগত তথ্য বিধায় তা সরবরাহ না করাই উচিত বলে কমিশন অভিমত ব্যক্ত করেন।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে ৩১-০৩-২০১৬ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যের মধ্যে ঠিকাদারদের ব্যক্তিগত মোবাইল ফোন নম্বর ব্যতীত অন্যান্য তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ আব্দুল কুদ্দুস, উপজেলা প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উপজেলা-নবাবগঞ্জ, জেলা-দিনাজপুর কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]